# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৮৯

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ বাইতুল্লাহর পাশ্বে তাওয়াফকারীর পদক্ষেপের কারণে তার মর্যাদা সমুন্নত করা, সাওয়াব লিপিবদ্ধ করা এবং পাপসমূহ মোচন করা প্রসঙ্গে বর্ণনা

## ذِكْرُ رَفْعِ الدَّرَجَاتِ وَكَتْبِ الْحَسَنَاتِ وَحَطِّ السَّيِّئَاتِ بخطى الطَّائِفِ حَوْلَ الْبَيْتِ الْعَتِيقِ

আরবী

3689 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثنا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ عَنْ أَبِيهِ أَنَّ ابْنِ عُمَرَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ: (مَنْ طَافَ بِالْبَيْتِ أُسْبُوعًا لَا يَضَعُ قَدَمًا وَلَا يَرْفَعُ أُخْرَى إِلَّا حَطَّ اللَّهُ عَنْهُ بِهَا خَطِيئَةً وَكَتَبَ لَهُ بِهَا حَسَنَةً وَرَفَعَ لَهُ بِهَا درجة)

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3689 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ ((التعليق الرغيب)) (2/ 122) ، ((المشكاة)) (2580).

বাংলা

৩৬৮৯. ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি বাইতুল্লাহয় সাতবার তাওয়াফ করে, সে ব্যক্তি যখনই কোন পদক্ষেপ ফেলে এবং উঠায়, তখনই আল্লাহ তার বদৌলতে একটি গোনাহ মোচন করে দেন, তার জন্য একটি সাওয়াব লিখে দেন এবং তার একটি মর্যাদা সমুন্নত করেন।”[1]

ফুটনোট

[1] হাকিম: ১/৪৮৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২৭৫৩; আত তায়ালিসী: ১৯০০; আহমাদ: ২/৯৫; নাসাঈ: ৫/২২১; ইবনু মাজাহ: ২৯৫৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/১২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93026

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন